গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
www.kasba.brahmanbaria.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২৬৩.০০০.০৬.১৬.২২-৬৮৬ তারিখ:০৮/১২/২০২২খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১ অনুযায়ী "প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতি কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প" এর অধীন ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | পেশ ইমাম | ০১(এক) | ১৫,০০০/- | ক) ২য় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ২. | মুয়াজ্জিন | ০১(এক) | ১০,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩. | খাদিম | ০২(দুই) | ৭,৫০০/- | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলী:**

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
২. ইমাম পদে আবেদনকারীর বয়স ২৪/১২/২০২২খ্রি. অনুর্ধ্ব ৪৫ বছর এবং মুয়াজ্জিন ও খাদিম পদের জন্য অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে।
৩. আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) মোবাইল নম্বর এবং (ঞ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
৪. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি;
গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি;
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি;
ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি;
৫. আবেদনকারী প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া বরাবর পেশ ইমাম ও মুয়াজ্জিন পদে ১,০০০/-(এক হাজার) টাকা এবং খাদিম পদে ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
৬. আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া বরাবর ২০/১২/২০২২খ্রি. এর মধ্যে অফিস চলাকালিন সময়ে ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। ২০/১২/২০২২খ্রি. অফিস চলাকালীন সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ক্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
৭. কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করে তাহলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
৮. এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কেউ আবেদন করতে পারবে না। মসজিদে দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করে এমন কোন চাকুরীতে নিয়োজিত কেউ আবেদন করতে পারবে না।
৯. প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি, এ/ডি, এ প্রদান করা হবে না।
১০. কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
১২. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।
১৩. প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১৪. ২৪/১২/২০২২খ্রি. কসবা উপজেলা পরিষদ মিলনায়তনে সকাল ১০.০০ ঘটিকায় লিখিত পরীক্ষা এবং একই দিন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।
১৫. মৌখিক পরীক্ষার সময় সকল সদনপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

8/12/2022

মাসুদ উল আলম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
জনবল নিয়োগ কমিটি
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
☎ ০২৩৩৪৪৩২৩০৯
ই-মেইল: unokasba@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.১২৬৩.০০০.০৬.১৬.২২-৬৮৬(৫০) তারিখ:০৮/১২/২০২২খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, (কসবা-আখাউড়া নির্বাচনী এলাকা), ২৪৬-ব্রাহ্মণবাড়িয়া-৪।

২। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতি কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।

৪। জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

৬। মেয়র, কসবা পৌরসভা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

৭। উপ-পরিচারক, ইসলামিক ফাউন্ডেশন, ব্রাহ্মণবাড়িয়া।

৮। উপজেলা..................কর্মকর্তা (সকল), কসবা, ব্রাহ্মণবাড়িয়া। তাঁর নোটিশ বোর্ডে বহুল প্রচারের নিমিত্ত টানানোর জন্য।

৯। চেয়ারম্যান(সকল), ...............ইউনিয়ন পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

১০। সভাপতি/সম্পাদক, কসবা প্রেসক্লাব/ উপজেলা প্রেসক্লাব, কসবা, ব্রাহ্মণবাড়িয়া। উপরোক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য।

১১। অফিস নথি।

8/12/2022

উপজেলা নির্বাহী অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়িয়া